# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৩৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি তাহাজ্জুদ সালাত আদায় করবে, তখন তিনি বিতর সালাত কখন আদায় করবেন তার বর্ণনা

ذِكْرُ الْوَقْتِ الَّذِي يُوتِرُ فِيهِ الْمَرْءُ بِاللَّيْلِ إِذَا عَقَّبَ تَهَجُّدَهُ بِهِ

আরবী

2435 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ رَجَاءٍ عَنْ إِسْرَائِيلَ عَنْ أَشْعَثَ بْنِ أَبِي الشَّعْثَاءِ عَنْ أَبِيهِ عَنْ مَسْرُوقٍ قَالَ: سَأَلْتُ عَائِشَةَ: مَتَى كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عليه وسلم يوتر؟ فقالت: إِذَا سَمِعَ الصَّارِخَ ـ يَعْنِي الدِّيكَ ـ وَكَانَ أَحَبّ العمل إليه أَدْوَمَهُ وإن قَلَّ.

الراوي : مَسْرُوق عَنْ عَائِشَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2435 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1190): ق.

বাংলা

২৪৩৫. মাসরূক রহিমাহুল্লাহ বলেন, “আমি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে জিজ্ঞেস করলাম, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কখন বিতর সালাত আদায় করতেন?” জবাবে তিনি বলেন, “যখন তিনি মোরগের ডাক শুনতে পেতেন। আর তাঁর কাছে সবচেয়ে প্রিয় আমল ছিল, যা নিয়মিত পালন করা হয়, যদিও তা পরিমাণে কম হয়।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/১১০; আত তায়ালিসী: ১৪০৭; সহীহ আল বুখারী: ১১৩২; সহীহ মুসলিম: ৭৪১; আবূ দাঊদ: ১৩১৭; নাসাঈ: ৩/২০৮; সুনান বাইহাকী: ৩/৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১১৯০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মাসরূক (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91760

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন